



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃdgmsme@krishibank.org.bd

প্রকা/ক্রেডিট/শাখা-৪-এসএমই-৭(৮)/২০২২-২০২৩/ ২০০৮(১২৫০)

তারিখঃ ০২/০৫/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : সিএমএসএমই খাতে বিতরণকৃত ঋণের তথ্যাদি যথাযথভাবে রিপোর্টিং প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি অত্র বিভাগের পত্র নং-বিকেবি-প্রকা/ক্রেডিট/শাখা-৪(এসএমই)-৭(৮)/২০২২-২০২৩/৪৪৫(১২৫০), তারিখ-১৬/০৮/২০২২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বর্ণিত পত্রে বাংলাদেশ ব্যাংকের, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের ০৫/০৯/২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০২ মোতাবেক সিএমএসএমই অর্থায়ন সম্পর্কিত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের সংজ্ঞা ও ঋণসীমা এবং সার্কুলারের অনুচ্ছেদ নং-০৩ অনুসারে ২০২৪ সাল অন্তে সিএমএসএমই ঋণ স্থিতি হতে হবে ব্যাংকের নীট ঋণ ও অগ্রিমের ২৫%। এছাড়াও সিএমএসএমই ঋণের খাতভিত্তিক বিভাজন যথাক্রমে উৎপাদনশীল শিল্পে অন্ত্যন ৪০%, সেবা শিল্পে অন্ত্যন ২৫% ও ব্যবসা উদ্যোগে সর্বোচ্চ ৩৫% অর্থায়ন করার নির্দেশনা রয়েছে। মাঠ কার্যালয় কর্তৃক সিএমএসএমই খাতে বিতরণকৃত ঋণের সাপ্তাহিক, মাসিক/ত্রৈমাসিক বিবরণী পর্যালোচনায় দেখা যায় ঋণ বিতরণের ক্ষেত্রে উল্লেখিত আনুপাতিক হার এবং কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের সংজ্ঞা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না। ১৩/০৪/২০২৩ তারিখ ভিত্তিক প্রধান কার্যালয়ের শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে সংগৃহীত বিভাগওয়ারী সাপ্তাহিক বিবরণীর তথ্যাদি নিম্নরূপঃ।

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগের নাম	২০২২-২০২৩ অর্থবছরে এসএমই ঋণ বিতরণের বার্ষিক লক্ষ্যমাত্রা					১৩/০৪/২০২৩ তারিখ ভিত্তিক খাতওয়ারী ঋণ বিতরণ					বিতরণকৃত মোট ঋণের আনুপাতিক হার
		প্রকল্প	চলতি মূলধন/নগদ পুঁজি ঋণ				প্রকল্প	চলতি মূলধন/নগদ পুঁজি ঋণ				
			উৎপাদন শীল	সেবা শিল্প	ব্যবসা উদ্যোগ	মোট		উৎপাদন শীল	সেবা শিল্প	ব্যবসা উদ্যোগ	মোট	
০১	ঢাকা	১৭০.০০	৪৪৫.০০	২৮০.০০	৩৮৫.০০	১২৮০.০০	৪.৭৮	১৫৬.০২	৫৫.০৫	৩৩৯.৪৬	৫৫০.৫৩	উৎপাদনশীল-২৮%, সেবা-১০%, ট্রেজি-৬২%
০২	ময়মনসিংহ	৫০.০০	১৮৫.০০	১১৫.০০	১৬৫.০০	৫১৫.০০	২.৮৮	৯৯.১৪	৩৭.৯৯	২০৬.৮৩	৩৪৩.৯৬	উৎপাদনশীল-২৯%, সেবা- ১১%, ট্রেজি-৬০%
০৩	চট্টগ্রাম	৮০.০০	১৫০.০০	১০০.০০	১৪০.০০	৪৭০.০০	৫.৬৫	৫৪.১৮	২৭.২৪	১৪২.৬৩	২২৪.০৫	উৎপাদনশীল-২৪%, সেবা-১২%, ট্রেজি- ৬৪%
০৪	খুলনা	২০.০০	২২০.০০	১৪০.০০	১৯৫.০০	৫৭৫.০০	০.৯৯	১৩৪.৫৯	২৪.৪৩	১১৭.২৫	২৭৬.২৭	উৎপাদনশীল-৪৯%, সেবা-৯%, ট্রেজি-৪২%
০৫	বরিশাল	১৫.০০	৫০.০০	৩০.০০	৪৫.০০	১৪০.০০	১.৭২	৪৮.৯৮	১৫.৩৮	৭৭.৬০	১৪১.৯৬	উৎপাদনশীল-৩৫%, সেবা-১১%, ট্রেজি-৫৪%
০৬	সিলেট	৩০.০০	১০৫.০০	৬৫.০০	৯৫.০০	২৯৫.০০	২.১২	৫৫.৭২	১০.৪০	৯৭.৩৬	১৬৩.৪৮	উৎপাদনশীল-৩৪%, সেবা-৬%, ট্রেজি-৬০%
০৭	কুমিল্লা	৫০.০০	২৮০.০০	১৬৫.০০	২৪৫.০০	৭৪০.০০	২.৯৭	১৮৪.১৫	২৩.১২	১৬০.৭৯	৩৬৮.০৬	উৎপাদনশীল-৫০%, সেবা- ৬%, ট্রেজি-৪৪%
০৮	ফরিদপুর	৩৫.০০	১৯৫.০০	১২৫.০০	১৭০.০০	৫২৫.০০	১.৪৯	৭৯.৪৮	২৬.১৩	৯৯.২৯	২০৪.৯০	উৎপাদনশীল-৩৯%, সেবা-১৩%, ট্রেজি-৪৮%
০৯	কুষ্টিয়া	৩০.০০	১৩০.০০	৯০.০০	১১০.০০	৩৬০.০০	২.১১	৫০.৭২	১৯.০৫	১৬৬.৩৫	২৩৬.১২	উৎপাদনশীল-২২%, সেবা-৮%, ট্রেজি-৭০%
১০	এলাপিও	২০.০০	৪০.০০	১৫.০০	২৫.০০	১০০.০০	০.০০	২৩.৩৩	০.০০	০.০০	২৩.৩৩	উৎপাদনশীল-১৩%, সেবা-০%, ট্রেজি-০%
	মোটঃ	৫০০.০০	১৮০০.০০	১১২৫.০০	১৫৭৫.০০	৫০০০.০০	২৪.৭১	৮৮৬.৩১	২৩৮.৭৯	১৪০৭.৫৬	২৫৩২.৬৬	উৎপাদনশীল-৩৫%, সেবা-৯%, ট্রেজি-৫৬%

উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায়ঃ

- (ক) অত্র ব্যাংকের মাঠ কার্যালয়সমূহ কর্তৃক ১৩/০৪/২০২৩ তারিখ ভিত্তিক এসএমই-র আওতায় চলতি মূলধন/নগদ পুঁজি ঋণ বিতরণ করা হয়েছে মোট ২৫৩২.৬৬ কোটি টাকা। তন্মধ্যে উৎপাদনশীল শিল্পে ৮৮৬.৩১ কোটি টাকা, সেবা শিল্পে ২৩৮.৭৯ কোটি টাকা এবং ব্যবসা উদ্যোগে ১৪০৭.৫৬ কোটি টাকা। বিতরণকৃত ঋণের আনুপাতিক হার উৎপাদনশীল শিল্পে ৩৫%, সেবা শিল্পে ৯%, ব্যবসা উদ্যোগে ৫৬%।
- (খ) উৎপাদনশীল ও সেবা শিল্পে বেশী গুরুত্ব দিয়ে ঋণ বিতরণের নির্দেশনা থাকলেও অত্র ব্যাংকের মাঠকার্যালয়সমূহ কর্তৃক ব্যবসা উদ্যোগে বেশী গুরুত্ব দিয়ে ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়াও প্রায় সকল বিভাগই উৎপাদনশীল শিল্প ও সেবা শিল্পে ঋণ বিতরণে পিছিয়ে থাকলেও ব্যবসা উদ্যোগে আনুপাতিক লক্ষ্যমাত্রার ১০০% এর বেশী ঋণ বিতরণ করেছে।

চলমান পাতা-০২

৬৮

বিষয় : সিএমএসএমই খাতে বিতরণকৃত ঋণের তথ্যাদি যথাযথভাবে রিপোর্টিং প্রসঙ্গে।

০৩। মাঠ কার্যালয় কর্তৃক সিএমএসএমই খাতে বিতরণকৃত ঋণের ৩১/১২/২০২২ তারিখ ভিত্তিক প্রধান কার্যালয়ের শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে সংগৃহীত বিভাগওয়ারী সাপ্তাহিক বিবরণীর এবং প্রধান কার্যালয়ের ঋণ শ্রেণীবিন্যাস বিভাগ হতে সংগৃহীত বিভাগওয়ারী CL বিবরণী পর্যালোচনা করে দেখা যায় অনাদায়ী ঋণের স্থিতির তারতম্য বিদ্যমান যা কোনভাবেই কাম্য নয়। প্রধান কার্যালয়ের শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ এবং প্রধান কার্যালয়ের ঋণ শ্রেণীবিন্যাস বিভাগ হতে সংগৃহীত বিভাগওয়ারী CL হতে সংগৃহীত বিভাগওয়ারী সাপ্তাহিক বিবরণীর তথ্যাদি নিম্নরূপঃ।


ক্রঃ নং	বিভাগের নাম	৩১/১২/২০২২ তারিখ ভিত্তিক Weekly মোটাবেক অনাদায়ী ঋণের স্থিতি	৩১/১২/২০২২ তারিখ ভিত্তিক CL মোতাবেক অনাদায়ী ঋণের স্থিতি	অনাদায়ী ঋণের স্থিতি (CL ও Weekly) এর মধ্যে তারতম্য
০১	ঢাকা	১০০৫.৩১	৬৭২.৪৮	৩৩২.৮৩
০২	ময়মনসিংহ	৫০৯.০৯	৪৬৫.৮৭	৪৩.২২
০৩	চট্টগ্রাম	৩৩৫.৬৫	৩২৮.৮৫	৬.৮০
০৪	খুলনা	৩৮৭.৭৮	২৫৫.৭১	১৩২.০৭
০৫	বরিশাল	১৯৯.৮৭	১৮৮.৯৬	১০.৯১
০৬	সিলেট	২৪৯.৪৪	২২০.৩৯	২৯.০৫
০৭	কুমিল্লা	৫১৮.৯৯	৪৯৭.৩২	২১.৬৭
০৮	ফরিদপুর	৩০৮.৫৮	২৭২.২৮	৩৬.৩০
০৯	কুষ্টিয়া	৩৫৮.৩৩	৩৪৮.৫০	৯.৮৩
১০	এলপিও	৬৮.৩৩	৬৭.৬২	০.৭১
	মোটঃ	৩৯৪১.৩৭	৩৩১৭.৯৮	৬২৩.৩৯

উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায় যে, সকল বিভাগে ৩১/১২/২০২২ তারিখ ভিত্তিক সাপ্তাহিক বিবরণীতে প্রদর্শিত অনাদায়ী সিএমএসএমই ঋণ স্থিতির পরিমাণ মোট ৩৯৪১.৩৭ কোটি টাকা এবং ঋণ শ্রেণীবিন্যাস বিবরণীতে প্রদর্শিত অনাদায়ী সিএমএসএমই ঋণ স্থিতির পরিমাণ মোট ৩৩১৭.৯৮ কোটি টাকা। যেখানে ঋণ শ্রেণীবিন্যাস বিবরণীর তুলনায় সাপ্তাহিক বিবরণীতে অনাদায়ী সিএমএসএমই ঋণ স্থিতি মোট ৬২৩.৩৯ কোটি টাকা বেশি প্রদর্শিত হয়েছে।

০৪। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগের ০৫/০৯/২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০২ এর নির্দেশনা মোতাবেক সিএমএসএমই নীট ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক বিভাজন হতে হবে উৎপাদনশীল শিল্পে অন্যান্য ৪০%, সেবা শিল্পে অন্যান্য ২৫% ও ব্যবসা উদ্যোগে সর্বোচ্চ ৩৫%। ব্যবসা উদ্যোগে সর্বোচ্চ ৩৫% ঋণ বিতরণের নির্দেশনা থাকলেও অত্র ব্যাংকের ১৩/০৪/২০২৩ তারিখ ভিত্তিক বিতরণকৃত ঋণের ৫৬% ব্যবসা উদ্যোগে বিতরণ করা হয়েছে যা গ্রহণযোগ্য নয়। ব্যবসা উদ্যোগে ৩৫% এর অধিক ঋণ বিতরণ করা হলে তা সিএমএসএমই ঋণ হিসাবে প্রদর্শনের সুযোগ থাকেনা। এছাড়াও ঋণ শ্রেণীবিন্যাস বিবরণী ও সাপ্তাহিক বিবরণীতে অনাদায়ী সিএমএসএমই ঋণ স্থিতি কম/বেশি হওয়ার কথা নয়। মাঠ পর্যায় হতে প্রাপ্ত বিবরণী মোতাবেক মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংকে অসামঞ্জস্য পূর্ণ তথ্য প্রেরণ করায় বিব্রতকর পরিস্থিতি সৃষ্টি হচ্ছে। এমতাবস্থায়, খাত ভিত্তিক সিএমএসএমই ঋণ বিতরণ কার্যক্রম জোরদার করণসহ এসএমই ঋণ স্থিতি কাজিত মানে বৃদ্ধিকরণ ও সঠিক বিবরণী প্রেরণ করার জন্য মাঠ কার্যালয়সমূহকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত



(মোহাম্মদ মঈনুল হোসেন)

উপমহাব্যবস্থাপক


ফোন : ০২-২২৩৩৮৮৯৪৯

তারিখঃ ০২/০৫/২০২৩

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪-এসএমই-৭(৮)/২০২২-২০২৩/ ১৫৮৮(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


০২/০৫/২০২৩
(মোহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক